গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রাজশাহী আঞ্চলিক অফিস
সপুরা, রাজশাহী
ওয়েবসাইট: http://udd.rajshahidiv.gov.bd

নম্বর: ২৫.৪৫.৫০০০.১০১.০২.০০১.২৪.১৭৭

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি খাতের আনুষঙ্গিক মালামাল সরবরাহের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ প্রসঙ্গে।

প্রতি,
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
রাজশাহী আঞ্চলিক অফিস
সপুরা, রাজশাহী

১। নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে**আগামী ৩০/০৫/২০২৪ তারিখ এবং দুপুর ১২.০০ ঘটিকা বা উহার পূর্বে** নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে **"অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি খাতের মালামাল সরবরাহের জন্য কোটেশন এবং ৩০/০৫/২০২৪ তারিখ এবং দুপুর ১২.৩০ ঘটিকা এর পূর্বে খোলা যাইবে না"** লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ**ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর এবং ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি** দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে **৭ দিনের মধ্যে** পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জারি করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

২৩-০৫-২০২৪
মোঃ ফখরুল ইসলাম
সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব)

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
২। নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৩। জনাব বনি আহসান, নগর পরিকল্পনাবিদ, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী ও সদস্য, প্রাক্কলণ প্রস্তুত কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী;
৪। কম্পিউটার মুদ্রাক্ষরিক, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৫। নোটিশ বোর্ড, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস/জাগৃক, রাজশাহী/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী এবং
৬। কপি।

সকল সংযুক্তিসমূহ:

(১) কোটেশন দাখিলের আদর্শ দলিল (সাত পৃষ্ঠা)

কোটেশন দাখিলপত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন নম্বর :.................................. তারিখ : দিন/ মাস/ বৎসর

প্রতি
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহের শর্তাবলি অনুসারে **[পণ্য বা সেবার নাম লিখুন]** সরবরাহের জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা **[অংকে এবং কথায় উল্লেখ করুন]**।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা উহা মানিতে বাধ্য থাকিব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি) এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির অধিক কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, আপনাদের জারীকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হইবে এবং উহা মানিতে বাধ্য থাকিব।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর
তারিখ :

<u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মুল্য তফসিল</u>

কোটেশন নম্বর : ___________ তারিখ : দিন/মাস/বৎসর

ক্রমিক নম্বর	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পরিমাপের একক	পরিমাণ	একক দর/মুল্য		মোট মুল্য	পণ্য সরবরাহের গন্তব্যস্থান
					অংকে	কথায়	অংকে/ কথায়	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	১	Supply testing and installation of Genuine Security Camera, Sensor: 4 MP, 1/3" progressive scan CMOS, Camera Resolution: 2560 × 1440, Lens Type: 2.8 and 4 mm optional, Audio Support: Yes, Warrenty-1 Year or as per direction of officer in charge.	টি	৪				সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
২	২	Supply testing and installation of Genuine XVR/DVR, Video Recording Res: 1920×1080, Resolution: HDMI: 1920 x 1080/60Hz, Bit Rate: 32 Kbps to 6 Mbps, Warrenty-1 Year or as direction of officer in charge.	টি	১				
৩	৩	Supply testing and installation of Genuine Surveillance Hard disk, Data Transfer Rates-110MB/s, Form Factor (Inch)-3.5 Inch, Interface(s)-SATA 6Gb/s, RPM-5400 RPM, Storage-1TB, Type -Surveillance HDD, Warrenty-1 Year or as direction of officer in charge.	টি	১				
৪	৪	Supply testing and installation of Genuine Power Adapter, Input: 170-240V, 50/60Hz, Max 0.3A, Output: 12V 1.0A, Use for Security Camera, Warrenty-1 Year or as per direction of officer in charge.	টি	৪				
৫	৫	Supply testing and installation of Genuine Video Balun connector, Transmission signal: 1channel, Coaxial video connector: Push-terminal, Compatible Format: AHD / HDCVI /HDTVI, Resolution: 720p / 1080p, Warrenty-1 Year or as per direction of officer in charge.	টি	৪				

ক্রমিক নম্বর	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পরিমাপের একক	পরিমাণ	একক দর/মূল্য		মোট মূল্য	পণ্য সরবরাহের গন্তব্যস্থান
					অংকে	কথায়	অংকে/কথায়	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৬	৬	Supply testing and installation of Genuine CCTV coaxial cable, CCTV coaxial cable with 2 power wires, Warrenty-1 Year or as per direction of officer in charge.	মিটার	৩৮				
৭	৭	Supply testing and installation of Electric Kettle, Capacity: 1.7 Liter, Triple Safety protection with automatic turn off 360 Rotatable power supply, 220V, 50Hz, 1500 watt, Warrenty-1 Year or as per direction of officer in charge.	টি	১				
৮	৮	Supply testing and installation of offline UPS, Capacity-1500VA, Input Features: Frequency-50Hz or 60Hz, Voltage Range-140-300V, Output Features: Backup Time-07-20 minutes depending on load connected, Warrenty-1 Year or as per direction of officer in charge.	টি	২				
সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)						অংকে		
						কথায়		

পণ্য প্রেরণের ঠিকানা :	[পণ্যের গন্তব্যস্থান লিখুন]
মোট মূল্য: (টাকায়) (কথায়)	[উল্লিখিত তফসিলের ৮ নম্বর কলমে উল্লিখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]
প্রস্তাবিত সরবরাহ :	[সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ হইতে]
প্রদত্ত ওয়ারেন্টি (warranty):	[পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ হইতে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হইলে তারিখ বা দিন উল্লেখ করিবার প্রয়োজন নাই]

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বৎসর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর	
দরপত্রদাতার নাম :	তারিখ : দিন/মাস/বৎসর

টীকা :

১। কলম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করিবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, বিমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ

ক্রমিক নম্বর	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম	প্রস্তুতকারক এবং মডেল (Make and Model)
১	২	৩	৪	৫	৬
১	১	Supply testing and installation of Genuine Security Camera or as per direction of officer in charge.	Sensor: 4 MP, 1/3" progressive scan CMOS, Camera Resolution: 2560 × 1440, Lens Type: 2.8 and 4 mm optional, Audio Support: Yes, Warrenty-1 Year.		
২	২	Supply testing and installation of Genuine XVR/DVR or as direction of officer in charge.	Video Recording Res: 1920×1080, Resolution: HDMI: 1920 x 1080/60Hz, Bit Rate: 32 Kbps to 6 Mbps, Warrenty-1 Year.		
৩	৩	Supply testing and installation of Genuine Surveillance Hard disk or as direction of officer in charge.	, Data Transfer Rates-110MB/s, Form Factor (Inch)-3.5 Inch, Interface(s)-SATA 6Gb/s, RPM-5400 RPM, Storage-1TB, Type - Surveillance HDD, Warrenty-1 Year.		
৪	৪	Supply testing and installation of Genuine Power Adapter or as per direction of officer in charge.	Input: 170-240V, 50/60Hz, Max 0.3A, Output: 12V 1.0A, Use for Security Camera, Warrenty-1 Year.		
৫	৫	Supply testing and installation of Genuine Video Balun connector or as per direction of officer in charge.	Transmission signal: 1channel, Coaxial video connector: Push-terminal, Compatible Format: AHD / HDCVI /HDTVI, Resolution: 720p / 1080p, Warrenty-1 Year.		
৬	৬	Supply testing and installation of Genuine CCTV coaxial cable or as per direction of officer in charge.	CCTV coaxial cable with 2 power wires, Warrenty-1 Year.		
৭	৭	Supply testing and installation of Electric Kettle or as per direction of officer in charge.	Capacity: 1.7 Liter, Triple Safety protection with automatic turn off 360 Rotatable power supply, 220V, 50Hz, 1500 watt, Warrenty-1 Year.		

ক্রমিক নম্বর	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম	প্রস্তুতকারক এবং মডেল (Make and Model)
৮	৮	Supply testing and installation of offline UPS or as per direction of officer in charge.	Capacity-1500VA, Input Features: Frequency-50Hz or 60Hz, Voltage Range-140-300V, Output Features: Backup Time-07-20 minutes depending on load connected, Warrenty-1 Year.		

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর	তারিখ : দিন/মাস/বৎসর
দরপত্রদাতার নাম	

টীকা :

১। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্ত করিবে।

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। ক্রয় আদেশ জারি হইবার **৭ দিনের মধ্যে** সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করিতে হইবে।

৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করিতে বিলম্ব করিলে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হইলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকিবে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যেকোনো সময় ক্রয়কারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখিতে হইবে।

৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করিবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করিবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করিয়া সরবরাহ বাতিল করিতে পারিবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকিবে।

৯। অন্য কোথাও যাহা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হইবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। মোট চুক্তি-মূল্য **[অংকে] [কথায়]** টাকা।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হইতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **[মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হইলে 'নাই' উল্লেখ করুন]**।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকিবে।

১৪। সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তাহার নিজের, তাহার শ্রমিক বা কর্মচারী বা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন বা সম্পত্তির ক্ষতিপূরণ হইতে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি হইতে দায়মুক্ত রাখিবে।

১৫। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করিবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হইলে, সরবরাহকারী নিজ খরচে উহা সংশোধন করিবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৮। ক্রয়কারী প্রয়োজন হইলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করিয়া পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করিতে পারিবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করিয়া যেকোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করিতে পারিবে, যদি সরবরাহকারী—

(ক) সরবরাহের তফসিলের সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করিতে ব্যর্থ হয়;

(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোনো কর্মকাণ্ডে জড়িত থাকে; এবং

(গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২০। এই চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২১। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকিবে।

ক্রেতার জন্য: নাম এবং পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর মোঃ ফখরুল ইসলাম সিনিয়র প্ল্যানার (অঃদাঃ) নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী।	সরবরাহকারীর জন্য: নাম এবং পদবিসহ সরবরাহকারীর স্বাক্ষর
তারিখ : ১৫/০৪/২০২৪	তারিখ: